চুয়াডাঙ্গায় স্কুল পর্যায়ে বাল্যবিবাহ বিরোধী সমাবেশ ও শপথ পাঠ অনুষ্ঠিত

বাল্যবিবাহ প্রতিরোধে জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর চুয়াডাঙ্গার আয়োজনে “আগে শিক্ষা পরে বিয়ে, আঠারো একুশ পার হয়ে” প্রতিপাদ্যে চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে স্কুল পর্যায়ে বাল্যবিবাহ বিরোধী সমাবেশ ও শপথ পাঠ অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড.কিসিঞ্জার চাকমা।

আলোচকবৃন্দ বাল্যবিবাহের ফলে মেয়েদের শিক্ষাজীবন, স্বাস্থ্যের উপর ক্ষতিকর প্রভাব ও মৃত্যু ঝুঁকি সম্পর্কে কোমলমতি শিক্ষার্থীদের সচেতন করেন। অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে বাল্যবিবাহ প্রতিরোধে এগিয়ে আসার উদাত্ত আহবান জানান। কোথাও বাল্য বিবাহ সংঘটিত হলে জাতীয় জরুরি সেবা-৯৯৯ অথবা ১০৯ এ কল করে জানানোর নির্দেশনা প্রদান করা হয়।

উক্ত আয়োজনে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা, চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রেবেকা সুলতানা, চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিল আরা চৌধুরী সহ চুয়াডাঙ্গা ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় পাট চাষী সমাবেশ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় প্রান্তিক চাষীদের অংশগ্রহণে পাট চাষী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বঙ্গবন্ধুর সোনার দেশ, স্মার্ট পাট শিল্পের বাংলাদেশ প্রতিপাদ্যে জেলা প্রশাসন চুয়াডাঙ্গা ও পাট অধিদপ্তর, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আয়োজনে ডিসি সাহিত্য মঞ্চে আজ বৃহস্পতিবার সকাল দশ-টা সময় উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় প্রান্তিক চাষীদের অংশগ্রহণে পাট চাষী সমাবেশ অনুষ্ঠিত হয়।

উক্ত আয়োজনে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাট অধিদপ্তর উপ- পরিচালক(পরীক্ষণ) সৈয়দ ফারুক আহম্মদ।

আলোচনা অনুষ্ঠানে অতিথিবৃন্দ বিলুপ্তি প্রায় পাট ও পাটজাত দ্রব্য পুনরুদ্ধার, যুগের চাহিদার সাথে পাটজাত দ্রব্যের ব্যবহার এবং উৎপাদন বৃদ্ধির আলোকে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের কথা তুলে ধরেন। পাট চাষীদের পাট চাষে উদ্বুদ্ধ করতে জেলার শ্রেষ্ঠ পাট চাষীদের ক্রেস্ট, কৃষি উপকরণ দিয়ে সম্মাননা জানানো হয়।

উক্ত আয়োজনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ- পরিচালক বিভাস চন্দ্র সাহা,জেলা পাট উন্নয়ন কর্মকর্তা উজল কান্তি সহ জেলা প্রশাসন ও জেলা পাট উন্নয়ন কর্মকর্তাবৃন্দ সহ প্রান্তিক পর্যায়ের পাট চাষীবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় কুকুরের তারা খেয়ে প্রাণ গেল শিশু রকিবুলের

দামুড়হুদা উপজেলা সদরে কুকুরের তাড়া খেয়ে রাস্তা পার হওয়ার সময় ট্রাকের ধাক্কায় রকিবুল হাসান নামের এক শিশু নিহত হয়েছে। নিহত রকিবুল হাসান (১০) দামুড়হুদা স্থানীয় দশমিপাড়ার জহুরুল ইসলামের ছেলে।
এ সময় ট্রাক ড্রাইভার পালিয়ে যায়।

খবর পেয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ ঘাতক ট্রাকটি জব্দ করেন। আজ বৃহস্পতিবার বিকাল ৬ টার দিকে দামুড়হুদা ফিলিং স্টেশনের অদূরে এ দূরঘটনা ঘটে।

স্থানীয় সৃত্র থেকে জানাযায়, দামুড়হুদা স্থানীয় দশমিপাড়ার জহুরুল ইসলামের ছেলে দশমি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তয় শ্রেণির ছাত্র রকিবুল হাসান বন্ধুদের সাথে দামুড়হুদা ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ মাঠে খেলা করতে যায়।পরে সকল বন্ধুরা বাড়ি চলে যায়। এমন সময় আরএক বন্ধুর সাথে রাস্তার পাশ্বে জাম পাড়তে গেলে কুকুরে তাকে তাড়া করে এমন সময় দিশেবিশে না পেয়ে মেইন রাস্তা পার হওয়ার সময় ঢাকা মেট্রো ড-১২-২৬৭৩ নং ঘাতক ট্রাকের ধাক্কায় সে রাস্তায় ছিটকে পড়ে। রক্তাক্ত জখম অবস্থায় স্থানীরা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। কতব্যরত চিকিৎসক তাকে পরিক্ষা নিরিক্ষা করে মৃত ঘোষনা করেন। সন্ধা হয়ে গেলে এখনও রকিবুল হাসান বাড়ি না ফেরায় তার বাবা মা বিভিন্ন স্থানে খোজাখুজি করতে থাকে। পরে জানতে পারে তার ছেলে রকিবুল হাসান সড়ক দূরঘটনায় নিহত হয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে মর্গে আছে।

এমন খবর পেয়ে রকিবুল হাসানের পিতা মাতা হাসপাতালে গেলে তা সত্যতা মেলে। তরতাজা ছেলে নিহত হওয়ায় এলাকাবাসীর মধ্যে শোকের ছায়া নেমে আসে। এই রিপোর্ট লেখা পর্যন্ত নিহত রকিবুল হাসানের লাশ হাসপাতালের মর্গে রাখা ছিল।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির সত্যতা নিশ্চিত করে বলেন,ট্রাকের নিচে পড়ে একটি শিশুর মৃত হয়েছে।ট্রাকটি থানা হেফাজতে নেওয়া হয়েছে। এখন পর্যন্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

[redacted]

“[redacted]” [redacted] [redacted] [redacted]

সরকারি উচ্চ বিদ্যালয়ের ৯ম শ্রেণির শিক্ষার্থী কে.এম সালমান কবীর।

আলোচনা সভায় অন্যান্য বক্তারা বৈশ্বিক পরিবেশ বিপর্যয় রোধে গাছ লাগানোসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়ে আলোচনা করেন।

আলোচনা সভা শেষে পরিবেশ দিবসের উপর স্কুল ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয় এবং প্রত্যককে একটি করে ফলোজ ও ঔষধি গাছের চারা উপহার দেয়া হয়।

এসময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সিভিল সার্জনের প্রতিনিধি ডা. শামীমা ইয়াসমিন, জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর সাইফুল ইসলাম সাইফ, অন্যান্য কর্মকর্তাবৃন্দসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী ও এনজিও প্রতিনিধিবৃন্দ।

দামুড়হুদার ডুগডুগী গ্রামে গৃহবধূর মৃত্যুঃ ময়নাতদন্ত শেষে লাশ পরিবারের নিকট হস্তান্তর

দামুড়হুদা ডুগডুগী গ্রামে বুদ্ধি প্রতিবন্ধী এক গৃহবধূর ডায়রিয়া রোগে আক্রান্ত হয়ে অসুস্থ হয়ে মৃত্যু হয়েছে । দামুড়হুদা মডেল থানার পুলিশ লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করেন।

ঘটনাস্থল পরিদর্শন করেন চুয়াডাঙ্গা সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা।

গতকাল বুধবার বিকাল ৫টার দিকে তার মৃত্যু হয়। মৃত জেসমিনা খাতুন আলমডাঙ্গা থানার অন্তর্গত ফুলবাগাদি গ্রামের শাহিন আলী বিশ্বাস

এর মেয়ে।

পারিবারিক সুত্রে জানাগেছে, আলমডাঙ্গা থানার অন্তর্গত ফুলবাগাদি গ্রামের শাহিনের মেয়ে জেসমিনের সাথে ডুগডুগি গ্রামের আব্দুল আজিজের ছেলে মিঠুনের সাথে পাঁচ বছর পৃর্বে বিবাহ হয়। পরে জেসমিনের কোল জুড়ে আসে এক ছেলে সন্তান তার বয়স প্রায় ৪ বছর।

গতকাল বুধবার দুপুর ১টার দিকে ডায়রিয়া জনিত কারনে জেসমিনা অসুস্থ হয়ে পড়ে। পরে পরিবারের লোকজন তার স্বামী মিঠুন কে সংবাদ দেয়। মিঠুন তখন মাঠে কৃষি কাজ করছিলো। সে মাঠ থেকে এসে দ্রুত তার স্ত্রী কে নিয়ে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। তার অবস্থা অবস্থার অবনতি হলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার করেন। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ লাশ উদ্ধার করে থানা হেফাজতে নেয়।

মেয়ের বাবা শাহিন বলেন,আমার মেয়ে বুদ্ধি প্রতিবন্ধী ছিল।সে অসুস্থ হলে আমার জামায় হাসপাতালে নিলে তার মৃত্যু হয়। কারো প্রতি আমার কোন অভিযোগ নাই।আল্লাহ যেটা ভালো মনে করেছেন সেটা হয়েছে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) শেখ মাহবুবুর রহমান বলেন, লাশের ময়না তদন্ত হবে। মেয়ের পরিবারের পক্ষ থেকে কারো কোন অভিযোগ করেনি। এবিষয়ে একটা অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

চুয়াডাঙ্গায় গার্ল গাইডস্ রেঞ্জার ইউনিট খোলা প্রসঙ্গে শীর্ষক আলোচনা সভা

গার্ল গাইডস্ করবো স্মার্ট বাংলাদেশ গড়বো প্রতিপাদ্য চুয়াডাঙ্গা জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের আয়োজনে ও মাধ্যমিক ও

উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের অধীনে রেঞ্জার ইউনিট খোলা প্রসঙ্গে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগে ঝিনুক মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও জেলা কমিশনার বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন চুয়াডাঙ্গা রেবেকা সুলতানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ।

আলোচনা সভায় চুয়াডাঙ্গা জেলা পর্যায়ে গার্ল গাইডস্ এর কার্যক্রম সম্প্রসারণ এবং জেলা পর্যায়ের সকল কলেজগুলোতে রেঞ্জার ইউনিট খোলা বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন চুয়াডাঙ্গা জেলা গার্ল গাইডস্ অ্যাসোসিয়েশনের সচিব রউফুনাহার।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিল আরা চৌধুরী, রিসোর্স পার্সোনাল হিসেবে উপস্থিত ছিলেন সাবেক উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও সাবেক আঞ্চলিক কমিশনার বাংলাদেশ গার্ল গাইডস অ্যাসোসিয়েশন খুলনা অঞ্চল মিসেস মৌসুফা বেগম, আলোচনা সভায় সমন্বয়ক হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক জাহিদুল হাসান সহ চুয়াডাঙ্গা জেলা গার্ল গাইডস এসোসিয়েশনের আঞ্চলিক কমিশনার ও দামুড়হুদা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের অধ্যক্ষ ফাহমিদা রহমান সহ জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের কর্মকর্তাবৃন্দ সহ বিভিন্ন কলেজ থেকে আগত শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন ।

আলোচনা সভায় উপস্থাপনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সিনিয়র রোভার মেট আল মুতাকাব্বির সাকিব।

দামুড়হুদায় ভুমিসেবা সপ্তাহ উপলক্ষে সাংবাদিকদের সাথে প্রেসকনফারেন্স

স্মার্ট ভুমি সপ্তাহ, স্মার্ট নাগরিক এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদায় ভূমিসেবা সপ্তাহ উপলক্ষে সাংবাদিকদের সাথে প্রেসকনফারেন্স অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। ৮ ই জুন হইতে ১২ জুন পর্যন্ত ভূমিসেবা সপ্তাহ পালনের লক্ষ্যে প্রেসকনফারেন্স করা হয়।

আজ বুধবার বিকাল ৩ টার দিকে উপজেলা পরিষদের হল রুমে উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এ প্রেসকনফারেন্স অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা প্রেসকনফারেন্সে লিখিত বক্তব্যে বলেন সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ সমাজকর্মী সরকারি বেসরকারি কর্মকর্তাবৃন্দ্য ও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষাথীগণের সেবা গ্রহিতা তথা সাধারণ নাগরিকদের নিয়ে জনসচেতনতামূলক প্রচার প্রচারণা করা হবে।

আগামী ০৮-ই জুন হতে সপ্তাহব্যাপী উপজেলা ভূমি অফিস প্রাঙ্গানে বিশেষ ভূমিসেবা বুথ স্থাপন করে নামজারিসহ অন্যান্য ভূমি সেবা প্রদান করা হবে।ভূমিহীনদের মধ্যে বন্দোবস্তকৃত কৃষি খাসজমির কবুলিয়াত ও দলিল হস্তান্তর করা হবে।দেনা গ্রহিতাদের সেবা সম্পর্কিত বিভিন্ন জিজ্ঞাসার জবাব প্রদান।

সার্বজনীন পেনশন স্কিম বুথ স্থাপনের মাধ্যমে সার্বজনীন পেনশন স্কিমের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন। ই-নামজারির আবেদন গ্রহণ। ভূমিসেবা সপ্তাহ-২০২৪ উদযাপন উপলক্ষ্যে উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসের কর্মকর্তা-কর্মচারীদের কাজের দক্ষতার উপর সার্টিফিকেট প্রদান।ভূমিসেবা সপ্তাহ-২০২৪ উদযাপন উপলক্ষ্যে উপজেলা/ইউনিয়ন ভিত্তিক স্কুল/কলেজের শিক্ষার্থীদের মধ্যে ভূমি বিষয়ক কুইজ, বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হবে।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবি,দামুড়হুদা মডেল থানার এস আই সরোয়ার হোসেন, ভুমি অফিসের নাজির মহিদুল ইসলাম, দর্শনা

প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মেহমুদসহ দামুড়হুদা প্রেসক্লাব ও দর্শনা প্রেসক্লাবের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগরে ইউনিব্লক রাস্তার উদ্বোধন

জীবননগরে ইউনিব্লক রাস্তার কাজের উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলার হাসাদহ ইউনিয়নের বৈদ্যনাথপুর গ্রাম থেকে সুটিয়া মাঠের ইউনিব্লক রাস্তার উদ্বোধন করেন চুয়াডাঙ্গা -২আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,চুয়াডাঙ্গা এলজিইডির নিবাহী প্রৌকশলী মোঃ জাহাঙ্গীর আলম, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর পৌর সভার সাবেক মেয়র মোঃ জাহাঙ্গীর আলম, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান রেনুকা আক্তার রিতা, হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, বাকা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন ফরজ, জীবননগর উপজেলা প্রৌকশলী মোঃ মাহবুবউল হক, যুবলীগ নেতা জাহিদুল ইসলাম প্রমুখ।

দামুড়হুদায় বিশ্ব পরিবেশ দিবস পালিত

“করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা” এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদায় বিশ্ব পরিবেশ

দিবস ২০২৪ উপলক্ষে র্যালি আলোচনা সভা, শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ ও উপজেলা চত্বরে বৃক্ষ রোপন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ১১টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা প্রাণী সম্পদ অফিসার নীলিমা আক্তার হ্যাপী, উপজেলা বন বিভাগ কর্মকর্তা মোঃ রজব আলী মোল্লা, উপজেলা শিক্ষা অফিসার আবু হাসান, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবি, উপজেলা একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলামসহ উপজেলার বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষিকা ছাত্র ছাত্রী বৃন্দ এবং উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গার মুন্সিপুর সীমান্তে সোনার বারসহ পাচারকারী আটক

চুয়াডাঙ্গা ৬ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে প্রায় ২০ ভরি ওজনের দুটি সোনার বারসহ পাচারকারী অটো চালক কাওসার আলীকে
(৪০) অটোসহ আটক করতে সক্ষম হয়ছে।

আজ বুধবার সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী কুতুবপুর পাঁকা রাস্তায় চোরাচালান বিরোধী এ অভিযান চালায় ৬ বিজিবির মুন্সিপুর সীমান্ত ফাঁড়ির বিজিবি সদস্যরা।

অভিযানের সত্যতা নিশ্চিত করে চুয়াডাঙ্গা ৬ বিজিবি অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান (পিএসসি) এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান, অদ্য ০৫ জুন বুধবার সকাল ১০ টার দিকে চোরাকারবারী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার অন্তর্গত

মুন্সিপুর বিওপির দায়িত্বপূর্ণ এলাকার কুতুবপুর গ্রামের মধ্যে দিয়ে স্বর্ণ চোরাচালান হবে গোপন সূত্রে সংবাদ পাই।

গোপন সংবাদের ভিত্তিতে ৬ বিজিবির উপ-অধিনায়ক মেজর কাজী আসিফ আহমদ ও মুন্সিপুর বিওপি’র টহল কমান্ডার সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত মেইন পিলার ৯৩/৩-আর হতে আনুমানিক ১.৫ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে কুতুবপুর পাঁকা রাস্তার পার্শ্বে এ্যাম্বুশ করে।

এমন সময় একটি অটোরিক্সা উক্ত এলাকা দিয়ে সীমান্তের দিকে যেতে দেখে চ্যালেঞ্জ করে বিজিবি। এসময় অটোরিক্সা চালক উপজেলার মুন্সিপুর গ্রামের মৃত. আব্দুল কুদ্দুসের ছেলে কাওছার আলী পালানোর চেষ্টা করলে টহলদল তাকে আটক করে। পরে তার দেহ তল্লাশি করে কোমরে রাখা ১৯ দশমিক ৮৯ ভরি (২৩২ গ্রাম) ওজনের ২ টি সোনার বার উদ্ধার করেন।

বিজিবি সশস্ত্র টহল দল আটককৃত অটোরিক্সা চালক মোঃ কাওছার (৪০), পিতাঃ মৃত আব্দুল কুদ্দুস, গ্রামঃ মুন্সিপুর, পোষ্ট- কুতুবপুর, থানা- দামুড়হুদা, জেলা- চুয়াডাঙ্গাকে জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে তার শরীরে পরিহিত লুঙ্গির ভাজে কোমরের সাথে কালো স্কচটেপ দ্বারা মোড়ানো অবস্থায় ২৩২ গ্রাম (১৯.৮৯ ভরি) ওজনের ০২টি স্বর্ণের বার উদ্ধার করে।

এ ব্যাপারে হাবিলদার মুন্সি মুজিবর রহমান বাদী হয়ে দামুড়হুদা থানায় মামলা দায়ের করে আটককৃত আসামীকে দামুড়হুদা থানায় হস্তান্তর পূর্বক জব্দকৃত সোনার বারগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।